NYC Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **A-250**
বিষয়: **চাকুরীর প্রত্যায়নপত্রসমূহ (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট)**
শ্রেণি: **শিক্ষার্থীবৃন্দ**
ইস্যুর তারিখ: **26 জানুয়ারি, 2023**

## পরিবর্তনসমূহের সংক্ষিপ্তসার

এই প্রবিধান 28 জুন, 2011 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-250-কে রহিত করে।

পরিবর্তনসমূহ:

- "চাইল্ড মডেল" এবং প্রাসঙ্গিক পারমিটের উল্লেখ অপসারণ করে (সেকশন II.C, IV.C, V.E)।
- সেকশন II.C-কে হালনাগাদ করে এবং নির্ধারণ করে যে চাকরির সার্টিফিকেট এবং/অথবা পারমিটের আবেদন অবশ্যই প্রযোজ্য নিউ ইয়র্ক স্টেট শর্তের সাথে সমঞ্জস্যপূর্ণ হবে।
- চাকুরীর প্রত্যায়নপত্রে (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) নম্বর প্রদানের নির্দেশনা হালনাগাদ করে (সেকশন II.E)।
- "আপস্টেট" পরিভাষাকে পরিবর্তন করে "নিউ ইয়র্ক সিটির বাহিরের স্থান"-এ পরিবর্তন করে (সেকশন II.G)।
- "ডিস্ট্রিক্ট ফ্যামিলি অ্যাডভোকেট অথবা বরো ফ্যামিলি অ্যাডভোকেট" পরিভাষাটি "ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটর"-এ হালনাগাদ করে (সেকশন III এবং IV.C)।
- "প্যারেন্ট" (পিতামাতা) পরিভাষাটি সংজ্ঞায়িত করে (সেকশন III, পার্ট I)।
- "সার্টিফিকেট অভ ফিজিক্যাল ফিটনেস"-এ যেসব ব্যবস্থা আছে, সেগুলো হালনাগাদ করে (সেকশন III, পার্ট III)।
- "ইন্টারভিউ পরিকল্পনা" অনুবিধিটি হালনাগাদ করে (সেকশন III, পার্ট VI)।
- সর্বত্র শিক্ষার্থীদের সর্বনাম (প্রোনাউন) এবং প্রাসঙ্গিক উল্লেখকে হালনাগাদ করে।
- এই প্রবিধানের চার সংযুক্তিকে সরিয়ে আলাদা কিছু নির্দিষ্ট তথ্য একটি ভিন্ন ওয়েবপেজ-এ স্থানান্তর করে।
- অন্যথায় স্পষ্টতা এবং নির্ভুলতার জন্য এই প্রবিধানের বিভিন্ন ব্যবস্থাকে হালনাগাদ অথবা পুনর্বিন্যাস করে।
- অনুসন্ধানের জন্য (সেকশন VII) যোগাযোগের তথ্য হালনাগাদ করে।

Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **A-250**
বিষয়: **চাকুরীর প্রত্যায়নপত্রসমূহ (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট)**
শ্রেণি: **শিক্ষার্থীবৃন্দ**
ইস্যুর তারিখ: **26 জানুয়ারি, 2023**


**সারসংক্ষেপ**

এই প্রবিধান 28 জুন, 2011 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-250 কে রহিত করে এবং তার স্থলাভিষিক্ত হয় এবং নিউ ইয়র্ক সিটিতে শিক্ষার্থীদের জন্য চাকুরীর প্রত্যায়নপত্র (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) ইস্যুর পদ্ধতির রূপরেখা প্রদান করে। স্টেটের আইন অনুযায়ী যেসব শিক্ষার্থী চাকুরীর চাকুরীর প্রত্যায়নপত্র (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) লাভের যোগ্য, তাদেরকে সেটা দিতে হবে। শুধু স্কুলের (সরকারি ও বেসরকারি) দায়িত্বপ্রাপ্ত স্টাফদের আইনি কর্তৃত্ব আছে চাকুরীর প্রত্যায়নপত্র (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) ইস্যু করার। সকল পাবলিক হাই স্কুল ও মিডল্ স্কুলকে তাদের স্কুলে তালিকাভুক্ত যেসব শিক্ষার্থী চাকুরীর প্রত্যায়নপত্রের (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) জন্য অনুরোধ জানাবে, তাদের সবাইকে চাকুরীর প্রত্যায়নপত্র (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) ইস্যু করতে হবে। এছাড়াও সকল পাবলিক হাই স্কুল ননপাবলিক স্কুলসমূহের শিক্ষার্থীদের জন্য চাকুরীর প্রত্যায়নপত্র (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) ইস্যু করতে বাধ্য। সকল পাবলিক স্কুল প্রত্যেক শিক্ষা বছরের শেষ দিন পর্যন্ত চাকুরীর প্রত্যায়নপত্র (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) ইস্যু করতে বাধ্য। সামার-এ (গ্রীষ্মে) যেসব হাই স্কুল ও মিডল্ স্কুল শিক্ষা-নির্দেশনার জন্য খোলা থাকে, সেগুলোও সামার-এ চাকুরীর প্রত্যায়নপত্র (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) ইস্যু করতে বাধ্য।


## I. চাকুরীর প্রত্যায়নপত্রের (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) শর্তাবলী

A. 18 বছরের কম বয়সী সকল নাবালক (কলেজ শিক্ষার্থী, হাই স্কুল গ্র্যাজুয়েট, বিবাহিত ও স্বেচ্ছাকর্মীসহ) শিক্ষার্থীদেরকে কাজ করতে হলে অবশ্যই তাদেরকে চাকুরীর প্রত্যায়নপত্রে (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) নিতে হবে (ব্যতিক্রমসমূহ নিচে উল্লেখ করা হয়েছে)। তবে, 16 বছর বয়সী নাবালক বা তদোর্ধ বয়সীদের স্বীকৃত উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের এবং নন-প্রফিট (অলাভজনক) কলেজ বা ইউনিভার্সিটির কর্মচারীদের চাকুরীর প্রত্যায়নপত্রের (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) প্রয়োজন নেই। 14 বছর বা তদোর্ধ বয়সী নাবালকদের ক্যাডি, বেবিসিটার হিসেবে কাজ করতে, কিংবা কোনো বসতবাড়ি বা অনুরূপ কিছুতে বা অলাভজনক প্রতিষ্ঠানে, সাময়িকভাবে মিলিতভাবে বাগানের বা গৃহস্থালী কাজ কিংবা কোনো ননকমার্শিয়াল

প্রতিষ্ঠানে, যে স্থানগুলোতে বৈদ্যুতিক মেশিনারি ব্যবহার করতে হয়না, এমন ক্ষেত্রগুলোতে কাজ করতে চাকুরীর প্রত্যায়ন (এমপ্লয়মেন্ট সার্টিফিকেশন) বাধ্যবধকতা নেই। 16 বছর বয়সী নাবালকদের মধ্যে যারা কৃষিক্ষেত্রে কাজ করছে, তাদের চাকুরীর প্রত্যায়নপত্র (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) আবশ্যক নয়। শিক্ষার্থীর 18তম জন্মদিন থেকে চাকুরীর প্রত্যায়নপত্রের (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) প্রয়োজন নেই।

B. চাকুরীর প্রত্যায়নপত্র (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) নিউ ইয়র্ক স্টেটের শিক্ষা এবং শ্রম আইন অনুযায়ী বাধ্যতামূলক আইনি প্রক্রিয়া। স্কুলের চাকুরীর প্রত্যায়নপত্র (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত স্টাফ চ্যান্সেলরের পক্ষে কাজ করেন।

## II. চাকুরীর প্রত্যায়নের (এমপ্লয়মেন্ট সার্টিফিকেশন) নিয়মাবলী

A. জুনিয়র হাই স্কুল বা হাই স্কুলসমূহের প্রত্যেক প্রিন্সিপ্যাল বা ভারপ্রাপ্ত ব্যক্তিদেরকে অবশ্যই চাকুরীর প্রত্যায়নের পরিষেবা প্রদানের সময়সূচি অনুসরণ করতে হবে:

1. কোথায় ও কখন চাকুরীর প্রত্যায়নের পরিষেবা পাওয়া যাবে, সেব্যাপারে শিক্ষার্থীদের সচেতন করা।
2. স্কুলের অফিশিয়াল ক্যালেন্ডার দিবস পর্যন্ত এবং সামার স্কুল চলাকালে (যদি তারা সামার স্কুলের জন্য খোলা থাকে) চাকুরীর প্রত্যায়ন পরিষেবা চালু রাখতে হবে।

B. নাবালক ছেলেমেয়েদের যথাযথ চাকুরীর প্রত্যায়নপত্র (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) লাভের অধিকার রয়েছে। আইনি কারণ ছাড়া স্কুল কর্তৃপক্ষ কাউকে প্রত্যাখ্যান করতে পারবে না। নিম্নলিখিত ক্ষেত্রগুলো ছাড়া কোনো এমপ্লয়মেন্ট সার্টিফিকেট মেয়াদোত্তীর্ণ হয় ইস্যুর তারিখের দুই বছর পর।

C. সেকশন II.C-কে হালনাগাদ করে এবং নির্ধারণ করে যে সার্টিফিকেট এবং/অথবা পারমিটের আবেদন অবশ্যই প্রযোজ্য নিউ ইয়র্ক স্টেট শর্তের সাথে সমঞ্জস্যপূর্ণ হবে।

D. সাধারণ চাকরির জন্য ন্যূনতম বয়সসীমা 14 বছর। শিক্ষার্থীদেরকে তাদের 14-তম জন্মদিনের আগে সাধারণ চাকরির জন্য প্রত্যায়ন করা যাবে না।

E. সকল চাকুরীর প্রত্যায়নপত্রে (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) অবশ্যই নম্বর থাকতে হবে। সকল শ্রেণীর সার্টিফিকেটের অবশ্যই একটির পর একটি ধারাবাহিক নম্বর থাকতে হবে যার শুরু হবে সেপ্টেম্বরে প্রতিটি শিক্ষা বছরের শুরুতে সে শ্রেণীর প্রথম ইস্যু করা সার্টিফিকেট দিয়ে।

F. চাকুরীর প্রত্যায়ন রেকর্ড অবশ্যই স্কুলের একটি কেন্দ্রীয় ফাইলে নাবালকের 21তম জন্মদিন পর্যন্ত সংরক্ষণে থাকতে হবে। যদি সমন বা সাপিনা জারি করা হয়, তবে সেগুলো অবশ্যই লভ্য থাকতে হবে। যখন স্কুল বদলি কার্যকর করা হবে, তখন এগুলো অবশ্যই শিক্ষার্থীর সংগৃহীত রেকর্ডের ফোল্ডারে করে প্রেরণ করতে হবে।

G. শিক্ষার্থীরা যদি নিউ ইয়র্ক সিটির বাইরের কোথাও কোনো পদে কাজ করতে আগ্রহী হয়, তাহলে শিক্ষার্থীদেরকে নিউ ইয়র্ক সিটি ত্যাগের আগেই চাকুরীর প্রত্যায়নপত্র (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) নেয়ার পরামর্শ স্কুলগুলোকে দিতে হবে। যদি আবশ্যক কাগজপত্র থাকে, তাহলে চাকুরীর প্রত্যায়নপত্র (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) নিউ ইয়র্ক সিটির বাইরে থেকেও নেওয়া যেতে পারে।

H. চাইল্ড পারফরমার (শিশু শিল্পী) পারমিট পাওয়া যেতে পারে একমাত্র নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ লেবার, ডিভিশন অভ লেবার স্ট্যান্ডার্ডস, পারমিট অ্যান্ড সার্টিফিকেশন প্রোগ্রাম থেকে। ডিপার্টমেন্ট অভ লেবার-এর ওয়েবসাইট www.labor.ny.gov থেকে তথ্য পাওয়া যেতে পারে।

I. 18 বছর বয়সের কম অপ্রাপ্তবয়স্কদের জন্য স্টেটের আইন কর্ম সময় অনুমোদন নিয়ন্ত্রণ করে। শিক্ষা

বছরের সময় স্কুল খোলা থাকাকালে নির্দিষ্ট অবস্থার প্রেক্ষিতে স্কুলের সময় বাড়ানো হতে পারে, এবং সেটাকে অবশ্যই শিক্ষার্থীর স্কুলের সার্টিফিকেট প্রদানকারী কর্মকর্তার দ্বারা অনুমোদিত হতে হবে, https://www.schools.nyc.gov/get-involved/students/working-papers সাইট দেখুন।

## III. একটি চাকুরীর প্রত্যায়নপত্র (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) সংগ্রহ করা

একটি চাকুরীর প্রত্যায়নপত্র (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) পেতে হলে শিক্ষার্থীকে অবশ্যই একটি "অ্যাপ্লিকেশন ফর এমপ্লয়মেন্ট সার্টিফিকেট ফর্ম" (চাকুরীর প্রত্যায়নপত্র বা এমপ্লয়মেন্ট সার্টিফিকেটের জন্য আবেদনের ফর্ম) (ফর্ম AT-17, যা https://www.schools.nyc.gov/school-life/rules-for-students/working-papers সাইটে পাওয়া যাবে) এমপ্লয়মেন্ট সার্টিফিকেট ইস্যুকারী কর্মকর্তার কাছে জমা দিতে হবে।

"অ্যাপ্লিকেশন ফর এমপ্লয়মেন্ট সার্টিফিকেট" ফর্ম এবং সব ধরনের চাকুরীর প্রত্যায়নপত্র (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) ও পারমিট পাওয়া যেতে পারে শিক্ষার্থীর পাবলিক হাই স্কুল, জুনিয়র হাই স্কুল বা মিডল্ স্কুলে। পাবলিক স্কুলগুলো যখন বন্ধ থাকে, তখন চাকুরীর প্রত্যায়নপত্র (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) পাওয়া যেতে পারে ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটরের কাছ থেকে।

অ্যাপ্লিকেশন ফর এমপ্লয়মেন্ট সার্টিফিকেট-এ (ফর্ম AT-17) নিম্নলিখিত ছয়টি অংশ আছে:

### পার্ট I – পিতামাতার অনুমতি

আবেদনকারী ও পিতামাতা পূরণ করবেন। এই প্রবিধানে "পিতামাতা" শব্দটি ব্যবহৃত হলে, এর অর্থ হয় শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভাবক(গণ), শিক্ষার্থীর সঙ্গে পিতামাতা বা হেফাজতকারীর সম্পর্কে আবদ্ধ ব্যক্তি(বর্গ), অথবা শিক্ষার্থী নিজে, যদি সে শিক্ষার্থী স্বাবলম্বী নাবালক অথবা 18 বছর বয়সী হয়ে থাকে। পিতামাতাকে অবশ্যই আবেদপত্রে স্বাক্ষর করতে হবে।

পার্ট টাইম কাজের জন্য এবং অন্য সকল ধরনের চাকুরীর প্রত্যায়নপত্রের (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) জন্য পিতামাতাকে অবশ্যই আবেদনপত্র স্বাক্ষর করতে হবে, কিন্তু সশরীরে উপস্থিত হতে হবে না।

### পার্ট II – বয়সের প্রমাণ

জন্মতারিখ উল্লেখ থাকলে নিম্নলিখিত মূল কাগজপত্র বয়সের প্রমাণ হিসেবে গ্রহণযোগ্য: জন্মসনদ (অফিশিয়াল সিলসহ), ব্যাপটিজমের যথাযথ সার্টিফায়েড রেকর্ড, পাসপোর্ট (চলতি বা মেয়াদোত্তীর্ণ), সিটিজেনশিপের কাগজ, ড্রাইভার্স লাইসেন্স বা জন্মতারিখযুক্ত স্কুলের অন্য কোন কাগজ যা দুই বছর বা অধিক কালের জন্য বিদ্যমান।

### পার্ট III – শারীরিক সুস্থতার সার্টিফিকেট

আবেদনকারীকে অবশ্যই তার স্বাস্থ্যসেবা প্রদানকারী, ডিপার্টমেন্ট অভ হেলথ্ বা বেসরকারী কোন ডাক্তারের কাছে থেকে কাজ করার জন্য তার উপযুক্ততার বর্ণনাসহ শুরু হবে একটি ডাক্তারের নোট আনতে হবে। যদি ডাক্তারের নোট-এ কোনো সীমাবদ্ধতার কথা থাকে, তাহলে যে কর্মকর্তা আবেদনকারীর জন্য তা ইস্যু করেছেন, তিনি তাকে "লিমিটেড এমপ্লয়মেন্ট সার্টিফিকেশন" দেবেন এবং পেশা, নিয়োগদাতা এবং মেয়াদোত্তীর্ণ হওয়ার তারিখ যথাযথভাবে এমপ্লয়মেন্ট সার্টিফিকেট-এ উল্লেখ করবেন।

### পার্ট IV – চাকরি দানের প্রতিশ্রুতি

এই অংশটি অবশ্যই নিম্নলিখিত শর্ত মেনে নিয়ে সম্ভাব্য নিয়োগদাতাকে পূরণ করতে হবে: বয়স 16 বা 17 বছরেরর আবেদনকারীর পূর্ণকাল বা ফুলটাইম কাজের জন্য আগ্রহী এবং হাই স্কুল থেকে সে গ্র্যাজুয়েশন করেনি, কিংবা যদি আবেদনকারীকে "লিমিটেড এমপ্লয়মেন্ট সার্টিফিকেট" ইস্যু করা হচ্ছে।

**পার্ট V – স্কুলের রেকর্ড**

শিক্ষার্থী যদি স্কুলে পড়াশোনা বন্ধ করে দেয় এবং তার বয়স 16 বছরের বেশি হয় এবং ফুল টাইম চাকরির সার্টিফিকেট গ্রহণ করে, তাহলে শিক্ষার্থীর স্কুলকে এই অংশটি পুরণ করতে হবে।

**পার্ট VI – চাকুরীর প্রত্যায়ন (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট)**

আবেদনপত্রের এই অংশে এমপ্লয়মেন্ট সার্টিফিকেট ইস্যুর সাথে সংশ্লিষ্ট তথ্য রেকর্ড করা হয়। এর অন্তর্ভুক্ত আছে সার্টিফিকেটের অফিশিয়াল নম্বর, ইস্যুর তারিখ, যে সেন্টার থেকে ইস্যু করা হয়েছে, তার নাম ও ঠিকানা, এবং ইস্যুকারী কর্মকর্তার নাম ও ঠিকানা।

A. একটি পূর্ণকাল বা ফুল টাইম চাকরির সার্টিফিকেটের জন্য আবেদনকারীর বয়স 16 বা 17 বছর হলে এবং গ্র্যাজুয়েশনের আগে স্কুল ত্যাগ করতে চাইলে তাকে অবশ্যই পিতামাতার সম্মতি থাকতে হবে এবং একটি 'প্ল্যানিং ইন্টারভিউ' (পরিকল্পনা সাক্ষাৎকার)-এ অংশগ্রহণ করতে হবে। স্কুলে প্ল্যানিং ইন্টারভিউ আয়োজন করেন গাইডেন্স কাউন্সেলর, অ্যাসিসট্যান্ট প্রিন্সিপ্যাল, প্রিন্সিপ্যাল বা অন্য কোনো প্রিন্সিপ্যালের ভারপ্রাপ্ত ব্যক্তি। প্ল্যানিং ইন্টারভিউ-এর লক্ষ্য হলো হাই স্কুল ডিপ্লোমার গুরুত্ব ভালভাবে ব্যাখ্যা করা, স্কুল অব্যাহর রাখার সম্ভাবনা সম্পর্কে আলোচনা করা এবং বিকল্প শিক্ষা কর্মসূচি সম্পর্কে তথ্য প্রদান করা এবং শিক্ষার্থীর বয়স 21 হওয়া পর্যন্ত স্কুলে অবস্থান করার অধিকার সম্পর্কে বিশদ ব্যাখ্যা দেয়া।

B. যদি কোনো নাবালক একাধিক নিয়োগদাতার অধীনে খণ্ডকালের জন্য বর্তমানে কর্মরত থাকে, তাহলে নাবালকের কাজের সময়ের জন্য নিয়োগদাতাদের প্রত্যেককে অবশ্যই একটি করে মূল এমপ্লয়মেন্ট সার্টিফিকেট ফাইলে রাখতে হবে। প্রতিটি অতিরিক্ত সার্টিফিকেটের জন্য পূরণ করা ও স্বাক্ষর দেওয়া পার্ট I (পিতামাতার অনুমতি)-সহ একটি আবেদনপত্র (ফর্ম AT-17) ইস্যুকারী অফিসে জমা দিতে হবে।

C. শিক্ষার্থী যদি আরেকটি আবেদনপত্র (AT-17) উপস্থাপন করে, তাহলে সে কোনো হারানো বা নষ্ট হয়ে যাওয়া চাকুরীর প্রত্যায়নের (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) বদলে আরেকটি সার্টিফিকেট পেতে পারে। পরে জমা দেওয়া এ ধরনের আবেদনপত্রে শুধু পার্ট I (পিতামাতার অনুমতি) পূরণ করতে হবে যদি মূল সার্টিফিকেশন ডকুমেন্ট (আগে পূরণ করা আবেদনপত্র ও এক বছরের মধ্যে দেওয়া সার্টিফিকেট অভ ফিজিক্যাল ফিটনেস) বদলি সার্টিফিকেট ইস্যুকারী অফিসের ফাইলে থাকলে।

## IV. সার্টিফিকেশন সাইটসমূহ

অনুরোধের প্রেক্ষিতে সকল পাবলিক হাই স্কুল, জুনিয়র হাই স্কুল, এবং মিডল্ স্কুলকে তাদের স্কুলের তালিকাভুক্ত শিক্ষার্থীদের জন্য অবশ্যই চাকুরীর প্রত্যায়ন (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) ইস্যু করতে হবে। সকল পাবলিক হাই স্কুলকে অবশ্যই ননপাবলিক স্কুলসমূহের তালিকাভুক্ত শিক্ষার্থীদের জন্য চাকুরীর প্রত্যায়ন (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) ইস্যু করতে হবে।

A. পাবলিক স্কুলসমূহ – স্কুলের নির্দিষ্ট দায়িত্বপ্রাপ্ত স্টাফ উল্লেখিতের জন্য চাকুরীর প্রত্যায়ন (এমপ্লয়মেন্ট

সার্টিফিকেট) ইস্যু করেন:

1. সকল 14 থেকে 17 বছর বয়সী শিক্ষার্থী যারা তাদের রেজিস্ট্রিতে আছে।
2. 16 থেকে 17 বছর বয়সী যারা তাদের স্কুলের প্রাক্তন শিক্ষার্থী, যাদেরকে হাই স্কুল রেজিস্টার থেকে অব্যাহতি দেওয়া হয়েছে চলিত তারিখ থেকে গত এক বছরের মধ্যে এবং তারা নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলের অন্য কোনটিতে ভর্তি হয়নি।
3. সকল 11 থেকে 17 বছর বয়সী শিক্ষার্থী যারা সংবাদপত্রবাহক পারমিটের জন্য আবেদন করেছে।
4. যেসব নন-পাবলিক স্কুল তাদের স্কুলের শিক্ষার্থীদের জন্য এমপ্লয়মেন্ট সার্টিফিকেট ইস্যু করে না, তাদের জন্য সকল হাই স্কুল এমপ্লয়মেন্ট সার্টিফিকেট ইস্যু করতে বাধ্য। নন-পাবলিক স্কুলের শিক্ষার্থীদেরকে অবশ্যই তাদের বর্তমান স্কুলের রেজিস্ট্রেশনের কাগজ দেখাতে হবে।

B. নন-পাবলিক স্কুল– স্বীকৃত প্রাইভেট ও প্যারোকিয়াল স্কুলগুলোর দায়িত্বপ্রাপ্ত স্কুল স্টাফ এমপ্লয়মেন্ট সার্টিফিকেট ইস্যু করতে পারেন এবং তাদেরকে উৎসাহিত করা হয় তা করার জন্য যাতে তাদের শিক্ষার্থীদেরকে অন্তর্ভুক্ত করা সম্ভব হয়। নন-পাবলিক স্কুলগুলোকে এমপ্লয়মেন্ট সার্টিফিকেট ইস্যু করার জন্য স্বীকৃতি দেওয়া হয়েছে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন দ্বারা প্রদত্ত প্রশিক্ষণ সাফল্যের সাথে সম্পন্ন করার পর। প্রশিক্ষণ দেওয়া হয় অনুরোধের প্রেক্ষিতে। নন-পাবলিক স্কুলগুলো নিম্নরূপে এমপ্লয়মেন্ট সার্টিফিকেট ইস্যু করতে পারে:

1. সকল 14 থেকে 17 বছর বয়সী শিক্ষার্থী যারা তাদের রেজিস্ট্রিতে আছে।
2. সকল 11 থেকে 17 বছর বয়সী শিক্ষার্থী যারা যারা তাদের রেজিস্ট্রিতে আছে এবং সংবাদপত্রবাহক পারমিটের জন্য আবেদন করেছ।

C. ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটরগণ যাদের সব ধরনের এমপ্লয়মেন্ট সার্টিফিকেট ও পারমিট ইস্যুর জন্য দায়বদ্ধ:

1. স্কুল বন্ধ থাকাকালে যেসব শিক্ষার্থী পার্ট টাইম চাকরির সার্টিফিকেট পেতে চায়।
2. 18 বছরের চাইতে কম বয়সী নাবালক যারা বিশেষ পেশার পারমিট পেতে আগ্রহী (সংবাদপত্র বাহক, রাস্তায় পণ্য বিক্রি, এবং খামারের কাজ)।
3. 18 বছরের কম বয়সী নন-পাবলিক স্কুল শিক্ষার্থী, যদি তাদের স্কুল সার্টিফিকেট ইস্যু না করে থাকে।
4. অন্য স্টেট থেকে আগত 18 বছরের কম বয়সী নাবালক।

## V. এমপ্লয়মেন্ট সার্টিফিকেট ও এপ্লয়মেন্ট পারমিট-এর প্রকরণ

A. ফুল টাইম কাজের জন্য চাকুরীর প্রত্যায়ন (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) – ইস্যু করা হয় 16 বা 17 বছর বয়সীদের জন্য যারা ফুল টাইম কাজের জন্য একটি "চাকরিদানের প্রতিশ্রুতি" পেয়েছে, দিনের বেলার স্কুল পরিত্যাগের ইচ্ছা প্রকাশ করেছে এবং একটি এক্সিট ইন্টারভিউ (সমাপনী সাক্ষাৎকার) দিয়েছে অথবা একজন হাই স্কুল গ্র্যাজুয়েট।

B. স্টুডেন্ট জেনারেল এমপ্লয়মেন্ট সার্টিফিকেট - ইস্যু করা হয় 16 বা 17 বছর বয়সী নাবালকদের জন্য যারা কোনো দিবাকালীন স্কুলে তালিকাভুক্ত আছে, কিন্তু স্কুল ছুটির পরে, ছুটির সময় কিংবা উভয় সময়ে কাজ করতে আগ্রহী।

C. স্টুডেন্ট নন-ফ্যাক্টরি এমপ্লয়মেন্ট সার্টিফিকেট - ইস্যু করা হয় 14 বা 15 বছর বয়সীদের জন্য যারা একটি দিবাকালীন স্কুলে তালিকাভুক্ত আছে কিন্তু স্কুল ছুটির পরে, ছুটির সময় কিংবা উভয় সময়ে কাজ করতে আগ্রহী।

D. সীমিত চাকুরীর প্রত্যায়ন (এমপ্লয়মেন্ট সার্টিফিকেট) - কাজ করায় শারীরিক সীমাবদ্ধতা আছে, এমন 14 থেকে 17 বছর বয়সী নাবালকদের জন্য, সার্টিফিকেটে উল্লিখিত নির্দিষ্ট ধরন (পূর্ণ-কাল, স্টুডেন্ট জেনারেল বা নন-ফ্যাক্টরি) অনুযায়ী ইস্যু করা হয়। একটি সীমিত এমপ্লয়মেন্ট সার্টিফিকেট বৈধ হয় ছয় মাসের পর্বের জন্য। তবে, পরীক্ষাকারী চিকিৎসক যদি সার্টিফেকেটে উল্লেখ করেন যে, সীমিত শারীরিক যোগ্যতার প্রকৃতি নাবালকটির স্থায়ী শারীরিক প্রতিবন্ধিত্ব, তাহলে সার্টিফিকেট ছয় মাস সমাপ্ত হওয়ার পর মেয়াদোত্তীর্ণ হবে না, যতদিন পর্যন্ত চাকরিদানের প্রতিশ্রুতিতে যে প্রকৃতির বা ধরনের কাজের কথা উল্লিখিত আছে, তা অপরিবর্তিত থাকলে, ততদিন পর্যন্ত তা বৈধ থাকবে।

E. রাস্তায় পণ্য বিক্রির পারমিট - ইস্যু করা হয় 14 থেকে 17 বছর বয়সীদের রাস্তায় বা উন্মুক্ত স্থানে সংবাদপত্র বা সাময়িকী (সরবরাহকারীদের কাছ থেকে কেনা) বিক্রির জন্য। এছাড়াও এটা আত্মকর্মসংস্থানে নিয়োজিত 14 বছর বয়সী নাবালকদের যারা রাস্তায় বা অন্য কোনো উন্মুক্ত স্থানে জুতা পালিশ করে, তাদেরও অন্তর্ভুক্ত করে (ফর্ম AT-22)।

F. ফার্ম (কৃষি খামার) ওয়ার্ক পারমিট – স্পেশাল – 12 বছর বা অধিক বয়স্ক নাবালকদের বিভিন্ন রকমের বেরি, ফলমুল ও শাকসব্জি হাতে দিয়ে তোলায় নিয়োজিতদের জন্য ইস্যু করা হয় (ফর্ম AT-25)।

G. ফার্ম (কৃষি খামার) ওয়ার্ক পারমিট – স্পেশাল - 14 বছর বা অধিক বয়স্ক নাবালকদের বিভিন্ন রকমের বেরি, ফলমুল ও শাকসব্জি হাত দিয়ে তোলায় নিয়োজিতদের জন্য ইস্যু করা হয় (ফর্ম AT-22)।

H. নিউজপেপার ক্যারিয়ার পারমিট - নাবালক থেকে (বেতনভিত্তিক নিযুক্ত) থেকে 17 বছর বয়সীদের জন্য সংবাদপত্র বা অন্য কোন ছাপানো সামগ্রী ভোক্তাদের কাছে তাদের বাড়িতে বা কাজের জায়গায় সরবরাহ করার কাজে নিয়োজিত হতে ইস্যু করা হয়। আবেদনকারী যোগ্য এই মর্মে ডকুমেন্ট থাকলে নিউজপেপার ক্যারিয়ার পারমিট ইস্যু করতে শারীরিক যোগ্যাতার সার্টিফিকেট আবশ্যিক নয়।

## VI. বাতিল

একটি সার্টিফিকেট বা পারমিট বাতিল করা হতে পারে যদি স্কুল কর্মকর্তাগণ নিশ্চিত হন যে, শিক্ষার্থীর কাজে নিযুক্তি তার স্কুলের বাধ্যতামূলক উপস্থিতি, লেখাপড়া, স্বাস্থ্য ও সার্বিক কল্যাণকে বাধাগ্রস্থ করছে। এছাড়াও, সার্টিফিকেট ও পারমিট বাতিল করা হতে পারে যদি স্কুল কর্মকর্তাগণ জানতে পারেন যে, সার্টিফিকেট বা পারমিট ইস্যু করা হয়েছে মিথ্যা তথ্যের উপর ভিত্তি করে। এমন পরিস্থিতিতে সার্টিফিকেট বা পারমিট বাতিলের পূর্বে স্কুলের কর্মকর্তাগণকে অবশ্যই যথাযথ বিজ্ঞপ্তি দিতে হবে।

## VII. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

Office of Safety and Youth Development

NYC Department of Education

52 Chambers Street – Room 218

New York, NY 10007

ফোন: 212-374-5565

ফ্যাক্স: 212-374-5751